

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যোগাযোগ মন্ত্রণালয়
সড়ক বিভাগ
উন্নয়ন-২ অধিশাখা।

নং ৩৫.০১৫.০১৬.০০.০০.০০১.২০১১(অংশ-১)-৩৫


তারিখ : ১৩.০৩.২০১২ খ্রিঃ।

অফিস আদেশ

বর্তমান ২০১১-২০১২ অর্থবছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের অনুন্নয়ন রাজস্ব বাজেটে সড়ক, সেতু ও মহাসড়ক কোডে (কোড নং-৪৯৩৬) ৬৯০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। বরাদ্দকৃত অর্থ হতে বর্তমান অর্থবছরে (২০১১-২০১২) কার্যাদেশ প্রদত্ত ও সম্পাদিত কাজের বিল পরিশোধ করতে হবে। এ অর্থ হতে কোনভাবেই পূর্ববর্তী কোন অর্থবছরে কার্যাদেশ প্রদত্ত ও সম্পাদিত কাজের বিল পরিশোধ করা যাবে না। বর্তমান অর্থবছরের বরাদ্দকৃত টাকা হতে পূর্ববর্তী কোন অর্থবছরে কার্যাদেশ প্রদত্ত ও সম্পাদিত কাজের বিল পরিশোধ করা হলে উহার দায়-দায়িত্ব ব্যক্তিগতভাবে বিল প্রদানকারী কর্মকর্তার উপর বর্তাবে।

২। চলমান অর্থবছরে (২০১১-২০১২) কার্যাদেশ প্রদত্ত ও সম্পাদিত কাজের বিল পরিশোধের পর কোন অর্থ অব্যয়িত থাকলে তা তাৎক্ষণিকভাবে সড়ক বিভাগকে অবহিত করতে হবে এবং সড়ক বিভাগের সম্মতি নিয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ দেলোয়ার হোসেন)
উপ-সচিব (উন্নয়ন-২)
ফোন : ৯৫১৪০৭৫।

বিতরণ :

(ক) কার্যার্থে :

- ১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, রমনা, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল জোন), সড়ক ও জনপথ অধিদপ্তর (.....)।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল সার্কেল), সড়ক ও জনপথ অধিদপ্তর (.....)।
- ৪। নির্বাহী প্রকৌশলী (সকল সড়ক বিভাগ), সড়ক ও জনপথ অধিদপ্তর (.....)।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সিজিএ ভবন, সেগুনবাগিচা ঢাকা।

(খ) জ্ঞাতার্থে :

- ১। যুগ্ম-প্রধান, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, যোগাযোগ মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়।
- ৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক বিভাগ।


System Analyst
৩৫
৪/১/১২